# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মিজানুর রহমান
প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ঃ ১০ সেপ্টেম্বর ২০২০

সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর (কোভিট-১৯) করোনা কালে মার্চ মাস থেকে সকল ইউপি চেয়ারম্যাগণ এবং সরকারি কর্মকর্তা কর্মচারীগণ অনেক ঝুঁকি নিয়ে তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করে আসছেন। করোনায় জনাব মোহাম্মাদ শামসুল আলম, চেয়ারম্যান উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ আক্রান্ত হওয়ায় তাঁর সুস্থতা কামনা করে দোয়া করা হয় এবং যে সকল কর্মকর্তা কর্মচারী আক্রান্ত হয়ে সুস্থ হয়েছেন তাদের ধন্যবাদ জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, বিগত সভায় সিদ্ধান্ত অনুযায়ী দুর্গাপাশা ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক পরিদর্শণ করি ক্লিনিকটি নদীতে বিলীন হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ক্লিনিকটি নিলামের মাধ্যমে বিক্রি করা দরকার।<br>এ ছাড়াও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, করোনা সনাক্তকরণ স্যাম্পল বুথ স্থাপন সহ জাইকার অর্থায়নে সেন্ট্রাল অক্সিজেন বেড প্রকল্প গ্রহণ করার জন্য উপজেলা পরিষদ-কে ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে সামাজিক নিরাপত্তাসহ সচেতন থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের-কে অনুরোধ জানানো।<br>ক্লিনিকটি যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানান। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, গবাদী পশু পালন করে যদি কোন ব্যক্তি কর্মসংস্থান করতে চায় তা হলে কি ভাবে ভ্যাকসিন দিতে হবে তা প্রশিক্ষণ প্রদান করা হবে। যদি কোন আগ্রহী ব্যক্তি থাকে তার তালিকা প্রদানের জন্য মেয়র এবং চেয়ারম্যান সকল ইউপি কে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষনে আগ্রহী ব্যক্তিদের তালিকা প্রদানের জন্য য মেয়র এবং চেয়ারম্যান সকল ইউপি কে অনুরোধ জানান। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, করোনা কালিন ক্ষতিগ্রস্থ খামারিরা কিছু সাহায্য পেতে পারে তাই ক্ষতিগ্রস্থ খামারিদের তালিকা অথবা যদি ক্ষতিগ্রস্থ না হয়ে থাকে তাহলে ক্ষতিগ্রস্থ হয়নি মর্মে প্রতিবেদন প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ক্ষতিগ্রস্থ খামারিদের তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। |
| ৫। প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নুতন পরিষদ ভবন এর টেন্ডার আহবান করা হয়েছে। আগামী ১৪/৯/২০২০ খ্রিঃ তারিখ দরপত্র উম্মুক্ত করা হবে। ইতোপূর্বে প্রেরিত উপজেলা পরিষদ হলরুম ও পরিষদের পুরাতন ভবন এর প্রাক্কলন জেলা কনডেমনেশন কমিটি কর্তৃক আপত্তি জানিয়েছেন। কমিটি মতামত প্রদান করেন হলরুম না ভেঙ্গে যদি নতুন ভবন এর জায়গা নির্বাচন করা হয় তা হলে ভালো হয়, সরকারের অর্থ সাশ্রয় হয়।<br>এমতাবস্থায় নতুন ভবন এর জন্য জায়গা নির্বাচন করা দরকার | ০১। নতুন ভবন এর জায়গা নির্বাচন এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পরবর্তী মাসিক সভার পূর্বেই জায়গা নির্বাচন করার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। |

| | | |
|---|---|---|
| | ০২। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ৫১ টি রাস্তার আইডির প্রস্তাব প্রেরণ করা হয়েছে। যদি কোন রাস্তা থাকে তা হলে দ্রুত প্রস্তাব প্রেরণের জন্য সকল চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ০২।এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে যদি কোন রাস্তা আইডি ভুক্ত করা বাকি থাকে তা হলে দ্রুত তালিকা প্রেরণের জন্য সকল চেয়ারম্যান দের অনুরোধ জানান। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা-কে পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজ সেবা কর্মকর্তা-কে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা কালে শিক্ষা কার্যক্রমের গতিশীলের লক্ষ্যে অনলাইন শিক্ষা চলমান আছে। অন্যান্য জেলার সাথে তাল মিলিয়ে আমাদের পাঠ্যক্রম চলছে। আমরা বিশ্বাস করি অন্য অনেক উপজেলার চেয়ে বাকেরগঞ্জ অনেকটা এগিয়ে।<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় আরও জানান যে, নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের সকল দপ্তরকে সি সি ক্যামেরার আওতাভূক্ত করণ দরকার | ০১। এ বিষয়ে আলোচনান্তে মাধ্যমিক শিক্ষা অফিসারকে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।<br>০২। এ বিষয় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের নিমিত্ত উপজেলা পরিষদের সকল দপ্তরকে সি সি ক্যামেরার আওতাভূক্ত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয় আগামী সভায় একটি প্রাক্কলন উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৯। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১০। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্ত কর্তৃক অপ্রতিষ্ঠানিক ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিদের ২৫ জনের একটি দল গঠন করে তালিকা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় আরও জানান যে, করোনাকালিন ১৯ ব্যাজের প্রশিক্ষণ দেয়া একান্ত প্রয়োজন সামাজিক দুরত্ব বজায় রেখে যাতে প্রশিক্ষণ গ্রহণ করার করাতে পারি তার অনুমোদনের জন্য সভায় অনুরোধ করছি। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আগ্রহী ব্যক্তিদের ২৫ জনের একটি দল গঠন করে তালিকা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সামাজিক দুরত্ব বজায় ও স্বাস্থবিধি মেনে প্রশিক্ষণ দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাতৃত্বকালীন ভাতা প্রাপ্যদের তালিকা আগামী ২৭/৯/২০২০খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | এ বিষয়ে আলোচনান্তে মাতৃত্বকালীন ভাতা প্রাপ্যদের তালিকা আগামী ২৭/৯/২০২০খ্রিঃ তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদঃ চেয়ারম্যানদের অনুরোধ জানান। |
| ১২। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে । কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১৩। জনস্বাস্থ্য উপ-প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে। কোন সমস্যা নাই । | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনসস্বাস্থ্য কে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য-কে উপজেলা পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ১৪। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তা-কে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১৫। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় উপজেলা খাদ্য কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় । |
| বিবিধ | ১। সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর , জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের নির্ধারিত দুইটি উপ-প্রকল্পের মধ্যে প্রথমে ৪৩ টি উপজেলার কমিউনিটি ক্লিনিক আসবাবপত্র সরবরাহ কার্যক্রম ইতোমধ্যে সফলভাবে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। উপজেলা প্রকৌশলী প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রদানের মাধ্যমে প্রকল্পটির সফল বাস্তবায়ন নিশ্চিত করেন। উপ-প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন বিশ্লেষণ করে বাস্তবায়িত প্রকল্পের বিল-ভাউচার উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>উপস্থাপিত বিলের পরিমান চুক্তি মূল্য ভ্যাট এবং আয়করসহ ১০,৬৫,০৬৩/- টাকা, পরিশোধ যোগ্য বিলের পরিমান ভ্যাট ও আয়কর বাদে ৯,১৫,৯৫৪/- টাকা, ভ্যাটের পরিমান (১২%)বাবদ ১,২৭,৮০৮/- টাকা আঁয়করের পরিমান (৩%) বাবদ ২১.৩০১/- টাকা | ০১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছওে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত উপ-প্রকল্পের বিল-ভাউচার সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হয়। প্রয়োজনীয় কাগজপত্র সহ বিল-ভাউচারের কপি স্থানীয় সরকার বিভাগ ও প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০২। সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ইউ জি ডি পি প্রকল্পের আওতায় নিয়মিত বরাদ্ধ ছাড়াও দক্ষতাভিত্তিক বরাদ্ধের আওতায় অব কাঠামো উন্নয়নে ১০,০০০০/-(দশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্ধ পাওয়া গেছে। এমতাবস্থায় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের তালিকা পি এম ইউ বরাবরে প্রেরণ করা দরকার । | ০২। সভায় বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত প্রাপ্ত বরাদ্ধ বাবদ ১০,০০০,০০ দ্বারা মাধ্যমিক ও মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের বেঞ্চ সরবরাহ বিষয়ক প্রকল্প গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পি এম ইউ তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৩। সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ইউ জি ডি পি প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়নের জন্য নিয়মিত বরাদ্ধ ১০,০০০০/-(দশ লক্ষ) টাকা পাওয়া গেছে। এমতাবস্থায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পের তালিকা পি এম ইউ বরাবরে প্রেরণ করা দরকার । | ০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে উল্লিখিত প্রকল্প প্রস্তাব গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পি এম ইউ তে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ০৪। চেয়ারম্যান দুধল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, দীর্ঘদিন পর্যন্ত অত্র ইউনিয়নের নিম্নলিখিত খালগুলো পুনঃখনন না করার কারণে ভরাট হয়ে যাওয়ায় কৃষির ব্যাপক ক্ষতি হচ্ছে। খালগুলো পুনঃখনন করা একান্ত প্রয়োজন।<br>০১। পিলখানা ভারানী খাল দৈর্ঘ ৩.০০ কিঃ মিঃ<br>০২। দুধল পাইকার খাল দৈর্ঘ ৩.০০ কিঃ মিঃ<br>০৩। দুধল পাইকার শাখা খাল দৈর্ঘ ২.০০ কিঃ মিঃ<br>০৪। দুধল গুয়াবুনিয়া খাল দৈর্ঘ ১.০০ কিঃমিঃ | ০৪। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী-কে সরেজমিনে পরিদর্শন পূর্বক খাল পুনঃখননের প্রয়োজনীয়তা অনুধাবনঃ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মিজানুর রহমান)
প্যানেল চেয়ারম্যান,উপজেলা পরিষদ
বাকেরগঞ্জ, বরিশাল।
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.৭৫২

তারিখ ঃ ১০-০৯-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।
৯। অফিস কপি।

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।